গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নম্বর: ০৮.০১.০০০০.০৫৩.০৪.০৯৪.২৩/৫০৪ (১৮)

তারিখ: ০৬ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়: জাতীয় রুফটপ সোলার কর্মসূচির আওতায় সৌরবিদ্যুৎ সংশ্লিষ্ট পণ্যসমূহের আমদানি ও ত্বরিত ছাড়করণ।**

বাংলাদেশ নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা ২০২৫ অনুযায়ী সরকার ২০৩০ সালের মধ্যে মোট বিদ্যুৎ চাহিদার ২০% এবং ২০৪০ সালের মধ্যে ৩০% নবায়নযোগ্য উৎস থেকে পূরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে বিদ্যুৎ বিভাগ, পরিপত্র নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.১০১; তারিখ: ০৩ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং নবায়নযোগ্য জ্বালানিকে অগ্রাধিকার প্রদানের লক্ষ্যে **"জাতীয় রুফটপ সোলার কর্মসূচি"** প্রণয়ন করেছে। উক্ত কর্মসূচির কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে সরকারি, শিক্ষা ও স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে সৌরবিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা স্থাপন সংক্রান্ত কৌশল, বাস্তবায়ন প্রক্রিয়া, ধাপ এবং প্রত্যাশিত ফলাফল বিদ্যুৎ বিভাগের পরিপত্রে বিস্তারিতভাবে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এতদবিষয়ে, সোলার প্যানেল প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহকে সুবিধা প্রদানের লক্ষ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক এস.আর.ও নং ১৪৬-আইন/২০২২/৯৪/কাস্টমস; তারিখ: ০১ জুন, ২০২২ এবং সংশোধিত এস.আর.ও নং ২১৩-আইন/২০২২/১২১/কাস্টমস; তারিখ: ২৮ জুন, ২০২২ এর মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন কাজে ব্যবহারযোগ্য যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানিতে কতিপয় শর্ত পূরণ সাপেক্ষে সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হতে অব্যাহতি প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত **"জাতীয় রুফটপ সোলার কর্মসূচি"**র কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে উপর্যুক্ত এস.আর.ও এর আওতায় আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণসমূহের ত্বরিত ছাড়করণ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/০৯/২৫

রেজাউল করিম
দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

**বিতরণ:**

১-৬। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও।
৭-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (পশ্চিম)/ঢাকা (পূর্ব)/ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম/রাজশাহী/যশোর/ খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা।
১৮। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [পরিপত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]

**অনুলিপি:**

১। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, বিদ্যুৎ বিভাগ (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

E:\OS_TOOLS\Dedarul Islam\Customs Policy-2025\পরিপত্র.docx